গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
সিলেট।

স্মারক নং- ৩৮.০১.৯১০০.০০০.১৮.০৭৮.১৯-২৬৪৯(১২)/(৬) তারিখ : ১৭/১০/২০১৯ খ্রি.।

বিষয় : মুজিব বর্ষ উদ্‌যাপনের অংশ হিসেবে সিলেট জেলার প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুজিব বর্ষ উদ্‌যাপনের অংশ হিসেবে সিলেট জেলার প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে সংযুক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত সহকারী উপজেলা শিক্ষা অফিসার ও প্রধান শিক্ষকগণকে অবহিতকরণসহ ছক মোতাবেক (সংযুক্ত) তথ্য প্রতি মাসের সমন্বয় সভায় সংগে নিয়ে আসতে অনুরোধ করা হলো।

মোঃ বায়েজীদ খান
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
সিলেট।

উপজেলা শিক্ষা অফিসার (সকল)
---------------------------, সিলেট।

অনুলিপি :- সদয় অবগতির জন্য।

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৩। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৪। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।

৫। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সিলেট।

৬। সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), সিলেট।

৭। সংরক্ষণ নথি।

F:\Profile\Edu.Dev.Planing.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
সিলেট

মুজিব বর্ষ উদ্‌যাপনের অংশ হিসেবে সিলেট জেলার প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে কর্মপরিকল্পনা-

| কর্মসূচি | কার্যাবলী | বাস্তবায়ন পদ্ধতি | বাস্তবায়নকারী | পরিবীক্ষণকারী | সময় |
|---|---|---|---|---|---|
| শতভাগ শিক্ষার্থীর বাংলা ও ইংরেজী ভাষায় সাবলিলভাবে পঠন দক্ষতা অর্জন | ১। রুটিন অনুযায়ী প্রতিটি শ্রেণি কার্যক্রমের (পাঠদান) শুরুতেই ১০ মিনিট পাঠ সংশ্লিষ্ট অনুচ্ছেদের অংশবিশেষ শিক্ষক ও শিক্ষার্থী কর্তৃক পড়ার অনুশীলন ও শিক্ষার্থীদের পঠন দক্ষতা যাচাই | শিক্ষক প্রতিটি বিষয়ের পাঠদানের শুরুতেই অধ্যায় সংশ্লিষ্ট অনুচ্ছেদের অংশবিশেষ নিজে পড়বেন ও শিক্ষার্থীদেরকে পড়তে দিবেন। পরবর্তীতে পঠনে সবল, দুর্বল, মাঝারি মানের শিক্ষার্থীদের পঠন দক্ষতা যাচাই করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | পাঠদান পরিচালনাকারী প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক | সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | জুলাই ২০১৯ হতে নভেম্বর ২০২০ |
| | ২। বাংলা ও ইংরেজী ভাষায় সাবলীলভাবে পড়তে না পারা শিক্ষার্থী সনাক্তকরণ | প্রতি বৃহস্পতিবার প্রতিটি বিষয়ের পাঠদান পরিচালনাকারী শিক্ষক যে কোন অনুচ্ছেদ পড়তে দিয়ে পঠন দক্ষতা যাচাই করবেন এবং সাবলীলভাবে পড়তে পারে, সাবলীলভাবে পড়তে পারেনা এবং একেবারেই পড়তে পারেনা এমন ধরণের শিক্ষার্থী সনাক্ত করে নিম্নের ছক মোতাবেক তথ্য সংরক্ষণ করবেন<br>শ্রেণি : ------, বিষয় : ------------<br>(ছক: মোট শিক্ষার্থী (সংখ্যা) / সাবলীলভাবে পড়তে পারে (সংখ্যা) / সাবলীলভাবে পড়তে পারে না (সংখ্যা) / একবারেই পড়তে পারে না (সংখ্যা)) | প্রধান শিক্ষক/ সহকারী শিক্ষক | সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | জুলাই ২০১৯ হতে নভেম্বর ২০২০ |
| | ৩। সনাক্তকৃত শিক্ষার্থীদের পড়ার দক্ষতা উন্নতিকল্পে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ | পূর্ববর্তী সপ্তাহে সনাক্তকৃত শিক্ষার্থীদের পড়ার দক্ষতা উন্নতিকল্পে সবল শিক্ষার্থীর মাধ্যমে সহায়তা, শিক্ষক কর্তৃক বিশেষ সহায়তা, অভিভাবকদের অবহিতকরণের মাধ্যমে সহায়তা দিয়ে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ | পাঠদান পরিচালনাকারী প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক | সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা | জুলাই ২০১৯ হতে নভেম্বর ২০২০ |

Embedded form within row 2 (শ্রেণি : ------, বিষয় : ------------):

| মোট শিক্ষার্থী (সংখ্যা) | সাবলীলভাবে পড়তে পারে (সংখ্যা) | সাবলীলভাবে পড়তে পারে না (সংখ্যা) | একবারেই পড়তে পারে না (সংখ্যা) |
|---|---|---|---|
| | | | |
| | | | |

| কর্মসূচি | কার্যাবলী | বাস্তবায়ন পদ্ধতি | বাস্তবায়নকারী | পরিবীক্ষণকারী | সময় |
|---|---|---|---|---|---|
| | | করবেন। এক্ষত্রে শিক্ষার্থীর সমস্যা চিহ্নিতকরণে জোর দিতে হবে (যেমন- বর্ণমালা, যুক্তাক্ষর, কার চিহ্ন, ফলা চিহ্ন ইত্যাদি না চেনা/অস্পষ্টতা) এবং সে অনুযায়ী ব্যবস্থা নিতে হবে। | | অফিসার | |
| | ৪। সপ্তাহের একদিন শিক্ষার্থীদের পাঠ্যবই বহির্ভূত বই পড়তে দেয়া। | সপ্তাহের যে কোন একদিন শিক্ষার্থীদের বাংলা ও ইংরেজী বিষয়ের ক্লাসে শ্রেণি উপযোগী সম্পূরক পঠন সামগ্রী (SRM) ও গল্পের বই পড়তে দেয়া এবং বাড়ীতে এসব বই নিয়ে পড়ার অভ্যাস তৈরী করা। | বাংলা ও ইংরেজী বিষয়ে পাঠদান পরিচালনাকারী শিক্ষক | প্রধান শিক্ষক, সহকারী উপজেলা শিক্ষা অফিসার | জুলাই ২০১৯ হতে নভেম্বর ২০২০ |
| | ৫। বাংলা ও ইংরেজী ভাষায় সাবলীলভাবে পড়তে পারা বিষয়ে ত্রৈমাসিক প্রতিযোগিতা আয়োজন | প্রতি তৃতীয় মাসের শেষ কার্যদিবসে প্রতিটি শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে বাংলা ও ইংরেজী ভাষায় সাবলীলভাবে পড়তে পারা বিষয়ক প্রতিযোগিতার আয়োজন এবং কম খরচে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে পুরস্কার প্রদান। | প্রধান শিক্ষক | সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার | উক্ত সময়ে প্রতি তিন মাসে একবার |
| | ৬। সাব-ক্লাস্টার প্রশিক্ষণে প্রত্যেক শিক্ষকের শ্রেণিভিত্তিক সর্বশেষ পড়ার দক্ষতা সম্পর্কিত অগ্রগতির ছক নিয়ে আলোচনা। | সাব-ক্লাস্টার প্রশিক্ষণে শিক্ষক যে শ্রেণিতে যে সব বিষয়ে পাঠদান করেন সে সব শ্রেণির শিক্ষার্থীদের সর্বশেষ পঠন দক্ষতা সম্পর্কিত পূরণকৃত ছক নিয়ে আসবেন এবং ছকের তথ্য নিয়ে আলোচনা করবেন। আলোচনান্তে পরবর্তী কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন। | সহকারী উপজেলা শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট ক্লাস্টারের শিক্ষকবৃন্দ | উপজেলা শিক্ষা অফিসার | উক্ত সময়ে সাব-ক্লাস্টার প্রশিক্ষণ চলাকালে |
| | ৭। ১ম সাময়িক, ২য় সাময়িক ও বার্ষিক পরীক্ষার ৩য় থেকে ৫ম শ্রেণির বাংলা ও ইংরেজী বিষয়ের প্রশ্নপত্রে পঠন দক্ষতা মূল্যায়নকল্পে নম্বর বরাদ্দ | সাময়িক ও বার্ষিক পরীক্ষায় বাংলা ও ইংরেজী বিষয়ের প্রশ্নপত্রে পাঠ্যবই বহির্ভূত ৫ লাইনের অনুচ্ছেদ পড়তে দিয়ে ৫ নম্বরের ভিত্তিতে মৌখিক মূল্যায়ন করতে হবে এবং ছক মোতাবেক তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে। | প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক | সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার | উক্ত সময়ের পরীক্ষা সমূহে |
| | ৮। উপজেলা পর্যায়ে সকল প্রাথমিক বিদ্যালয়ের | এক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পার্শ্ববর্তী অন্য একটি বিদ্যালয়ে গিয়ে উপজেলা শিক্ষা অফিস | প্রধান শিক্ষক, সহকারী | উপজেলা শিক্ষা অফিসার, সহকারী জেলা প্রাথমিক | ফেব্রুয়ারী ২০২০ ও নভেম্বর ২০২০ |

<table>
<tr><th>কর্মসূচি</th><th>কার্যাবলী</th><th>বাস্তবায়ন পদ্ধতি</th><th>বাস্তবায়নকারী</th><th>পরিবীক্ষণকারী</th><th>সময়</th></tr>
<tr><td></td><td>শিক্ষার্থীদের বাংলা ও ইংরেজী বিষয়ে পঠন দক্ষতা মূল্যায়নে ক্র্যাশ প্রোগ্রাম পরিচালনা</td><td>থেকে দেয় শ্রেণিভিত্তিক বাংলা ও ইংরেজী অনুচ্ছেদ দিয়ে পঠন দক্ষতা যাচাই এবং নিম্নের ছক মোতাবেক তথ্য উপজেলা শিক্ষা অফিসে জমাদান।<br><table><tr><th>মোট শিক্ষার্থী (সংখ্যা)</th><th>সাবলীলভাবে পড়তে পারে (সংখ্যা)</th><th>সাবলীলভাবে পড়তে পারে না (সংখ্যা)</th><th>একবারেই পড়তে পারে না (সংখ্যা)</th></tr><tr><td></td><td></td><td></td><td></td></tr><tr><td></td><td></td><td></td><td></td></tr></table></td><td>উপজেলা শিক্ষা অফিসার</td><td>শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার</td><td></td></tr>
<tr><td>One Day One Word কর্মসূচি বাস্তবায়ন</td><td>প্রতিদিন প্রত্যেক শিক্ষক সকল শিক্ষার্থীকে পাঠ সংশ্লিষ্ট অধ্যায় থেকে একটি করে বাংলা ও ইংরেজী শব্দ শেখাবেন</td><td>শিক্ষক যে বিষয়ে পাঠদান করবেন সে বিষয় সংশ্লিষ্ট অধ্যায়ের শব্দগুচ্ছ থেকে একটি শব্দ সকল শিক্ষার্থীর উচ্চারণ, বানান ও অর্থ সহ শিখন নিশ্চিত করবেন। ইংরেজীতে I, He, An ইত্যাদি ছোট শব্দের অর্থসহ শিখন নিশ্চিত করতে হবে। তাছাড়াও মন্ত্রণালয়ের ছক মোতাবেক তথ্য নিয়মিত প্রেরণ করবেন।</td><td>প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক</td><td>সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার</td><td>জুলাই ২০১৯ থেকে নভেম্বর ২০২০</td></tr>
<tr><td>হাতের লেখা সুন্দরকরণ</td><td>১। হাতের লেখা অনুশীলনের জন্য বাড়ীর কাজ দেয়া।<br>২। দুর্বল শিক্ষার্থীদেরকে বোর্ডে অভাস করানো।</td><td>শ্রেণি শিক্ষক শ্রেণিতে পাঠদানের সময় এক প্যারা / প্যারার অংশ বিশেষ লিখতে দিবেন। বর্ণ লেখার প্রবাহ ঠিক করে দিবেন, দুর্বল শিক্ষার্থীদের ডেকে এনে বোর্ডে অভ্যাস করাবেন, বাড়ীর কাজ দিবেন এবং মূল্যায়ন করবেন।</td><td>প্রধান শিক্ষক/ সহকারী শিক্ষক</td><td>প্রধান শিক্ষক, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার</td><td>জুলাই ২০১৯ থেকে নভেম্বর ২০২০</td></tr>
<tr><td>বিদ্যালয়ে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু কর্ণার স্থাপন</td><td>প্রতিটি বিদ্যালয়ে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করে এতে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু সম্পর্কিত বই, ম্যাগাজিন, পত্রিকায় প্রকাশিত প্রবন্ধ ইত্যাদি সংরক্ষণ করতে হবে।</td><td>স্লীপ তহবিল ব্যবহার করে, এসএমসি, পিটিএ ও স্থানীয় জনগণের সহায়তা নিয়ে আকর্ষণীয়ভাবে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করে এতে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু সম্পর্কিত বই, ম্যাগাজিন, পত্রিকায় প্রকাশিত প্রবন্ধ ইত্যাদি সংরক্ষণ করতে হবে। এসব কর্ণার শিক্ষার্থীদের নিয়মিত ভিজিট/দর্শন নিশ্চিত করতে হবে।</td><td>এসএমসি, পিটিএ ও প্রধান শিক্ষক</td><td>সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার</td><td>জুলাই ২০১৯ থেকে নভেম্বর ২০২০</td></tr>
</table>

| কর্মসূচি | কার্যাবলী | বাস্তবায়ন পদ্ধতি | বাস্তবায়নকারী | পরিবীক্ষণকারী | সময় |
|---|---|---|---|---|---|
| প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ সজ্জিতকরণ ও বিদ্যালয় ভবন আকর্ষনীয়ভাবে রঙকরণ। | প্রতিটি বিদ্যালয়ের প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষটি চারটি কর্ণার স্থাপনসহ সৃজনশীল ও আকর্ষণীয় উপকরণ দ্বারা সজ্জিতকরণ ও পরিপত্রের নির্দেশনার আলোকে বিদ্যালয় ভবন রঙিনকরণ। | বরাদ্দকৃত অর্থ ব্যয় ও স্থানীয় জনগণের সহযোগিতায় প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষটি আকর্ষণীয়ভাবে সজ্জিতকরণ করতে হবে। তাছাড়াও সাম্প্রতিক পরিপত্রের নির্দেশনার আলোকে বিদ্যালয় ভবন বহু রংএ রঙিন (Multicolour) করার উদ্যোগ নিতে হবে। | প্রধান শিক্ষক ও প্রাক-প্রাথমিক শ্রেণির সহকারী শিক্ষক | সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার | জুলাই ২০১৯ থেকে নভেম্বর ২০২০ |
| মিড ডে মিল চালুকরণ | মায়ের দেয়া খাবার নিয়ে সকল শিক্ষার্থীর বিদ্যালয়ে আসা নিশ্চিতকরণ ও দুপুরে মিড-ডে মিল হিসেবে গ্রহণ নিশ্চিতকরণ। | অতি দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের স্থানীয় উদ্যোগে টিফিন বক্স, পানির পট ইত্যাদি সরবরাহের মাধ্যমে সকল শিক্ষার্থীর বাড়ী থেকে মায়ের দেয়া খাবার নিয়ে বিদ্যালয়ে আসা নিশ্চিত করতে হবে। | প্রধান শিক্ষক, এসএমসি ও পিটিএ | সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | জুলাই ২০১৯ থেকে ডিসেম্বর ২০২০ |

২৭/১০/১৯

মোঃ বায়েজীদ খান
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
সিলেট

## ছক-‘ক’

## শিক্ষার্থীদের পঠন দক্ষতা সংক্রান্ত তথ্য :

উপজেলা : --------------------, মাস : ------------------------------

| বিষয় | ২য় শ্রেণি | | | | ৩য় শ্রেণি | | | | ৪র্থ শ্রেণি | | | | ৫ম শ্রেণি | | | | পড়ার দক্ষতা উন্নয়নে গৃহীত পদক্ষেপ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট শিক্ষার্থী | সাবলীল-ভাবে পড়তে পারা শিক্ষার্থী সংখ্যা | সাবলীল-ভাবে পড়তে পারেনা এমন শিক্ষার্থী সংখ্যা | একেবারেই পড়তে পারেনা এমন শিক্ষার্থী সংখ্যা | মোট শিক্ষার্থী | সাবলীল-ভাবে পড়তে পারা শিক্ষার্থী সংখ্যা | সাবলীল-ভাবে পড়তে পারেনা এমন শিক্ষার্থী সংখ্যা | একেবারেই পড়তে পারেনা এমন শিক্ষার্থী সংখ্যা | মোট শিক্ষার্থী | সাবলীল-ভাবে পড়তে পারা শিক্ষার্থী সংখ্যা | সাবলীল-ভাবে পড়তে পারেনা এমন শিক্ষার্থী সংখ্যা | একেবারেই পড়তে পারেনা এমন শিক্ষার্থী সংখ্যা | মোট শিক্ষার্থী | সাবলীল-ভাবে পড়তে পারা শিক্ষার্থী সংখ্যা | সাবলীল-ভাবে পড়তে পারেনা এমন শিক্ষার্থী সংখ্যা | একেবারেই পড়তে পারেনা এমন শিক্ষার্থী সংখ্যা | |
| বাংলা | | | | | | | | | | | | | | | | | |
| ইংরেজী | | | | | | | | | | | | | | | | | |

উপজেলা শিক্ষা অফিসারের স্বাক্ষর ও শীল

## ছক-‘খ’

উপজেলা : --------------------, মাস : ------------------------------

| বিদ্যালয় সংখ্যা | মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা হয়েছে এমন বিদ্যালয় সংখ্যা | চারটি কর্ণারসহ প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ আকর্ষণীয়ভাবে সজ্জিতকরণ করা হয়েছে এমন বিদ্যালয় সংখ্যা | সম্প্রতি জারীকৃত পরিপত্রের নির্দেশনা এবং ইতোপূর্বে সম্পাদিত হয়েছে এমন বহু রঙে রঙিন ভবন বিশিষ্ট বিদ্যালয় সংখ্যা | সকল শিক্ষার্থী মায়ের দেয়া খাবার এনে বিদ্যালয়ে মিড-ডে মিল হিসেবে গ্রহণ করে এমন বিদ্যালয় সংখ্যা | শেখ রাসেল ডিজিটাল ল্যাব আছে এমন বিদ্যালয়ের সংখ্যা ও নাম | মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহার পূর্বক ডিজিটাল পদ্ধতিতে পাঠদান চালু আছে এমন বিদ্যালয় সংখ্যা | নিরাপদ খাবার পানির ব্যবস্থা আছে এমন বিদ্যালয় সংখ্যা | টয়লেট/ওয়াশব্লক সুবিধা আছে এমন বিদ্যালয় সংখ্যা | শতভাগ শিক্ষার্থী ইউনিফরম পরিধান করে বিদ্যালয়ে আসে এমন বিদ্যালয় সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

উপজেলা শিক্ষা অফিসারের স্বাক্ষর ও শীল